

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৩৪(আগরতলা, ২০।৩)
মোহনপুর, ২০ মার্চ ২০১৭

বিপর্যয় মোকাবিলা : মোহনপুরে মহড়া অনুষ্ঠিত

মোহনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে সম্প্রতি স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়, রবিকুমার দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং মোহনপুর মহকুমা শাসকের কার্যালয় প্রাঙ্গণে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার উপর এক বিশেষ মহড়া অনুষ্ঠিত হয়। মহকুমার টাঙ্ক ফোর্স, অগ্নি নির্বাপক দপ্তর, বি এস এফ, সি আর পি এফ, পুলিশ প্রশাসন ইত্যাদি দপ্তরের কর্মীরা মহড়ায় অংশ নেয়। এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে রাজস্ব দপ্তরের প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক রাজ্য প্রকল্প আধিকারিক শরৎ কুমার দাস। পশ্চিম জেলার অতিরিক্ত জেলা শাসক উষাজেন মগ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সংশ্লিষ্ট বিষয়ের উপর আলোচনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনপুর মহকুমা শাসক জয়ন্ত দেববর্মা। মহড়াকে কেন্দ্র করে এলাকার জনগণের মধ্যে বিশেষ উৎসাহ পরিলক্ষিত।

This document was converted using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com